

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৫.০৬.০০১.২০২১- ২২৬৫

তারিখ: ২৫/০৬/২০২৪ খ্রি:

সভাপতিঃ মাকসূরা নূর এনডিসি

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্থানঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর অডিটোরিয়াম।

তারিখ ও সময়ঃ ০৬/০৬/২০২৪ ইং তারিখ, সকাল ০৯.০০ ঘটিকা।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় সকল নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের পরিচয় নিয়ে, তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখযোগ্য কার্যক্রম ও উন্নয়নমূলক কি কি কাজ করা প্রয়োজন তা উপস্থাপনের আহ্বান জানান। তিনি তথ্য অধিকার আইন RTI (Right To Information) এর উপর গুরুত্ব দিয়ে সকল কার্যক্রম ও সমস্যা সমাধানের সঠিক পথ নির্ণয় করে দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য দিকনির্দেশনা প্রদান করেন।


সভার আলোচ্য বিষয়সমূহের আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্মকর্তা
১.	তথ্য অধিকার আইন (RTI-Right To Information)	তথ্য অধিকার আইন (RTI- Right To Information) ২০২৪-২০২৫ অর্থবছরে এপিএ তে নতুন কর্মপরিকল্পনা যুক্ত হওয়ায় বিষয়টি সম্পর্কে সম্মক ধারণা প্রদান করা হয়। সভায় উপস্থিত সকলকে উক্ত বিষয় সম্পর্কে ওয়েব সাইট থেকে তথ্য সংগ্রহের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।	১। (RTI-Right To Information) তথ্য প্রাপ্তি সংক্রান্ত তথ্য সকল নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ, শিক্ষকগণ, ডিস্ট্রিক্ট পাবলিক হেল্থ নার্স ও ডিভিশনাল সহকারী পরিচালকগণ তথ্য সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও শিক্ষকগণ
২.	অংশীজন নির্ধারণ	সকল কাজের সাথে সংশ্লিষ্ট অংশীজন নির্ধারণ করে RTI নিয়ে সভা করার বিষয়ে আলোচনা করা হয়।	১। সকল নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকগণ অংশীজন সভা করবেন ও সভার কার্যবিবরণী অনুযায়ী	সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকগণ

২৫/৬/২০২৪

			সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবর্তী সভায় উপস্থাপন করবেন।	
৩.	ওয়েবসাইট ভিজিট	সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য ডিজিএনএম এর ওয়েবসাইট দেখা বিষয়ে আলোচনা করা হয়।	১। ডিজিএনএম এর সকল তথ্য সংগ্রহ ও বিতরণের জন্য নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিদিন ওয়েবসাইট ভিজিট করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও শিক্ষকগণ
৪.	তথ্য অধিকার আইন বিষয়ক সচেতনতা বৃদ্ধিকরণ	তথ্য অধিকার আইনে নাগরিকদেরকে সচেতনামূলক লিফলেট বিতরণ বিষয়ক আলোচনা করা হয়।	তথ্য অধিকার আইনে নাগরিকদেরকে সচেতনামূলক লিফলেট স্বস্থ প্রতিষ্ঠানে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও শিক্ষকগণ
৫.	পরিদর্শন	নার্সিং শিক্ষা ও সেবার মান উন্নয়ন নিশ্চিত করার জন্য নার্সিং শিক্ষা ও সেবা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।	নার্সিং শিক্ষা ও সেবার মান উন্নয়নে প্রত্যেক বিভাগীয় AD, DPHN প্রতিমাসে কমপক্ষে একবার নার্সিং শিক্ষা ও সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন এবং সুপারিশমালা বাস্তবায়নের পদক্ষেপ নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	বিভাগীয় AD, DPHN

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করার নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

 ৩৫/৫/২০২৪

মাকসূরা নূর এনডিসি

অতিরিক্ত সচিব

মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।